

সমকাল

প্রকাশ : ১৯ মার্চ, ২০১৭ ০১:১৭:৫৪

নিয়োগ পাচ্ছেন এক হাজার গার্মেন্ট কর্মী

বিজিএমইএর চাকরি মেলা

সমকাল প্রতিবেদক

তৈরি পোশাক খাতে নিয়োগ পাচ্ছেন এক হাজার প্রার্থী। যোগ্যতা যাচাই শেষে শিগগির চূড়ান্ত নিয়োগপত্র পাবেন তারা। অপারেটর পদ থেকে মার্চেন্ডাইজার পর্যন্ত এ সব পদের প্রার্থীর বেশিরভাগই সরকারের স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (এসইআইপি) অধীনে প্রশিক্ষণপ্রাপ্ত। গতকাল শনিবার রাজধানীর বসুন্ধরা কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত দিনব্যাপী চাকরি মেলায় এক হাজার প্রার্থীর কর্মসংস্থানের আশ্বাস দিয়েছেন উদ্যোক্তারা। পোশাক খাতে প্রথমবারের মতো আয়োজিত এ মেলা উদ্বোধন করেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। বাণিজ্যমন্ত্রী বলেন, পোশাকের দর বাড়াতে বিদেশি ক্রেতাদের চাপ দিতে হবে। এ বিষয়ে মালিকদের পাশাপাশি পোশাক শিল্পের শ্রমিক সংগঠনগুলোরও জোর দেওয়া উচিত। শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু বলেন, শৃঙ্খলার স্বার্থে পোশাক খাতের ট্রেড ইউনিয়নের নেতা হতে হলে শ্রমিকদের মধ্য থেকেই নির্বাচিত হতে হবে। শুল্ক বিভাগের বিরুদ্ধে হয়রানির অভিযোগ তোলেন বিজিএমইএ সভাপতি সিদ্দিকুর রহমান। এ থেকে মুক্তি পেতে সরকারের হস্তক্ষেপ চেয়েছেন তিনি। আরও উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব হেদায়েতুল্লাহ আল মামুন, এফবিসিসিআইর প্রথম সহসভাপতি সফিউল ইসলাম মহিউদ্দিন প্রমুখ। , আতিকুল ইসলাম, বর্তমান সহসভাপতি ফারুক হাসান ও মোহাম্মদ নাছির।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮